গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ তারিখঃ ০৪/১২/২০২৫ খ্রি.

বকেয়া আয়কর হালনাগাদ সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভা	:	বকেয়া আয়কর হালনাগাদ সংক্রান্ত পর্যালোচনা সভা
তারিখ	:	০৩ ডিসেম্বর, ২০২৫ খ্রি. বুধবার
স্থান	:	সম্মেলন কক্ষ-সম্প্রীতি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
অংশগ্রহণকারী	:	কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ
সভাপতি	:	জনাব মোঃ মঞ্জুর আলম কর কমিশনার কর অঞ্চল-৩, চট্টগ্রাম

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে বিকাল ৪.০০ ঘটিকায় বকেয়া আয়কর হালনাগাদ সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপ কর কমিশনার, সদর দপ্তর টেকনিক্যাল বকেয়া আয়কর হালনাগাদ তথ্যের উপর একটি স্লাইড শো উপস্থাপন করেন। যেখানে সার্কেল ভিত্তিক বকেয়া আয়কর হালনাগাদের পূর্ববর্তী ও পরবর্তী অবস্থার তুলনামূলক চিত্র তুলে ধরা হয়।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে বকেয়া আয়কর আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। বিগত ২০/১১/২০২৫খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আয়কর বিভাগের মাসিক রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভায় কর অঞ্চল-৩, চট্টগ্রামের বকেয়া আয়কর আদায়ের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের প্রশংসা অর্জন করায় কর কমিশনার মহোদয় এ কর অঞ্চলে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি চেয়ারম্যান মহোদয়ের এই প্রশংসা বা স্বীকৃতির ফলে আমাদের সকলের বকেয়া আয়করসহ রাজস্ব আদায়ের দায়িত্ব আরো বেড়ে গেছে বলে মন্তব্য করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ	দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	**বকেয়া কর সংক্রান্তঃ** ক. বকেয়া আয়কর হালনাগাদ পরবর্তী অক্টোবর,২৫ মাসের মাসিক রিটার্ন অনুযায়ী বিতর্কিত বকেয়া আয়কর ৮৩৪৩.৬৫ কোটি টাকা এবং অবিতর্কিত বকেয়া আয়কর ১,১২৮.০৭ কোটি টাকা। সম্পূর্ণ বকেয়া কর আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিতর্কিত বকেয়া করের মামলার রায় সমূহের যথাযথ বাস্তবায়ন করতে হবে। পাশাপাশি বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। খ. আয়কর আইন, ২০২৩ এর ২১২ ধারার কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট বকেয়া আয়কর দ্রুত আদায় করতে হবে। গ. ব্যাংক জব্দের বিষয়ে নীতিমালা প্রত্যেক ব্যাংকের ম্যানেজারকে জানাতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক

২	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষকে বকেয়া আয়কর আদায়ের বিষয়ে পত্র প্রেরণ করতে হবে।	অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-১
৩	প্রতিটি সার্কেলের কর্মকর্তা থেকে সাঁটমুদ্রাক্ষরিক পর্যন্ত কে কীভাবে বকেয়া করের নথি মনিটরিং করবেন সে ব্যাপারে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।	সকল সার্কেল কর্মকর্তা ও কর্মচারী
৪	যেদিন ব্যাংক জব্দের জন্য যাওয়া হবে সে দিনই তাৎক্ষণিক আদায় নিশ্চিত করতে হবে অথবা কীভাবে ব্যাংক আয়কর প্রদান করবেন তা নিশ্চিত হতে হবে। এ বিষয়ে ব্যাংক থেকে লিখিত বক্তব্য গ্রহণ করতে হবে।	সকল সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক

কর কমিশনার মহোদয়ের নির্দেশনা ও সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার পরামর্শক্রমে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে বকেয়া আয়কর আদায়, কর মামলা নিষ্পত্তি, উৎসে কর কর্তন মনিটরিংসহ অন্যান্য সকল কাজে কর্মোদ্যম বাড়ানোর নির্দেশনা প্রদান করেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত –
(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ ১৪৪৭ (১-৪) তারিখঃ ০৪/১২/২০২৫ খ্রি.

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
} .... সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

০৪.১২.২০২৫
(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম